গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পুলিশ অধিশাখা-৩
www.mha.gov.bd

নং-৪৪.০০.০০০০.০৯৬.০৫.০২০.১৫-

তারিখ ঃ ২৪ আশ্বিন ১৪২৩ বঙ্গাব্দ / ০৯ অক্টোবর ২০১৬ খ্রিস্টাব্দ

প্রাপক ঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্বরাষ্ট্র মন্ত্রণালয়, এজিবি কমপ্লেক্স
সেগুনবাগিচা, ঢাকা।

**বিষয় ঃ ট্যুরিস্ট পুলিশের সাংগঠনিক কাঠামোতে ৬৮৯টি পদ সৃজন এবং ৬৫টি যানবাহন টিওএন্ডইভুক্তকরণ।**

মহোদয়,

নির্দেশিত হয়ে ট্যুরিস্ট পুলিশের সাংগঠনিক কাঠামোতে নিম্নের ছকে বর্ণিত ৬৮৯টি পদের মধ্যে ১৩টি ক্যাডার পদ স্থায়ীভাবে,অন্যান্য ৬৭৬টি পদ অস্থায়ীভাবে সৃজনে এবং ৬৫টি যানবাহন টিওএন্ডইভুক্তকরণে নিম্নোক্ত শর্তে সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছি ঃ

(ক) পদের বিবরণ ঃ

| ক্রঃ নং | পদের নাম | পদ সংখ্যা | বেতন স্কেল/২০১৫ |
|---|---|---|---|
| ১. | অতিরিক্ত উপ-মহাপুলিশ পরিদর্শক | ২টি | ৫০০০০-৭১২০০/- |
| ২. | পুলিশ সুপার | ৭টি | ৪৩০০০-৬৯৮৫০/- |
| ৩. | অতিরিক্ত পুলিশ সুপার | ৪টি | ৩৫৫০০-৬৭০১০/- |
| ৪. | ইন্সপেক্টর (নিরস্ত্র) | ৬৫টি | ২২০০০-৫৩০৬০/- |
| ৫. | সাব-ইন্সপেক্টর (নিরস্ত্র) | ১৭৫টি | ১৬০০০-৩৮৬৪০/- |
| ৬. | সহকারী সাব-ইন্সপেক্টর (নিরস্ত্র) | ১৬০টি | ১০২০০-২৪৬৮০/- |
| ৭. | কনস্টেবল | ২৫০টি | ৯০০০-২১৮০০/- |
| ৮. | প্রোগ্রামার | ১টি | ৩৫৫০০-৬৭০১০/- |
| ৯. | প্রশাসনিক কর্মকর্তা | ১টি | ১৬০০০-৩৮৬৪০/- |
| ১০. | প্রধান সহকারী | ২টি | ১১০০০-২৬৫৯০/- |
| ১১. | উচ্চমান সহকারী | ২টি | ১০২০০-২৪৬৮০/- |
| ১২. | কম্পিউটার অপারেটর | ১টি | ১১০০০-২৬৫৯০/- |
| ১৩. | ওজনকারক | ১টি | ৮২৫০-২০০১০/- |
| ১৪. | বাবুর্চী | ১০টি (আউটসোসিং) | ১৫,৫৫০/- (সাকুল্যে) শুধুমাত্র ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য। ১৪,৯৫০/- (সাকুল্যে) চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, সিলেট, বরিশাল, রংপুর, নারায়ণগঞ্জ ও গাজীপুর সিটি কর্পোরেশন এবং সাভার পৌর এলাকার জন্য। ১৪,৪৫০/- (সাকুল্যে) অন্যান্য স্থানের জন্য। |
| ১৫. | পরিচ্ছন্নতা কর্মী | ৮টি (আউটসোসিং) | |
| | মোট= | ৬৮৯টি | |

(খ) যানবাহনের বিবরণ ঃ

| ক্রঃ নং | যানবাহনের নাম | সংখ্যা | ক্রঃ নং | যানবাহনের নাম | সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ১. | জীপ | ১০টি | ৯. | নৌযান (জাহাজ/শীপ) | ১টি |
| ২. | পিকআপ | ৫টি | ১০. | স্পীড বোট | ৩টি |
| ৩. | মাইক্রোবাস | ১টি | ১১. | রেসকিউ বোট | ২টি |
| ৪. | ট্রাক | ১টি | ১২. | বীচ রেসকিউ মোটর বাইক | ৩টি |
| ৫. | প্রিজনার্স ভ্যান | ১টি | ১৩. | স্যান্ড সাপোর্ট ভেহিক্যাল | ২টি |
| ৬. | বোম্ব ডিসপোজাল ভেহিক্যাল | ১টি | ১৪. | ড্রাইভিং সিমুলেটর | ১টি |
| ৭. | ওয়াটার ট্রেইলার | ২টি | ১৫. | মোটর সাইকেল | ৩০টি |
| ৮. | পোর্টেবল ফোল্ডিং বোট | ২টি | | মোট= | ৬৫টি |

চলমান পাতা-২

**শর্তাবলিঃ**

১. সাংগঠনিক কাঠামোতে প্রস্তাবিত পদগুলো অন্তর্ভুক্ত করে টিওএন্ডই আপডেটেড করতে হবে এবং হালনাগাদকৃত টিওএন্ডই-এর কপি অর্থ বিভাগের জন্য প্রেরণ করতে হবে ;

২. মন্ত্রিপরিষদ বিভাগের ০৩-০৫-২০০৩ তারিখের মপবি/কঃবিঃশাঃ/কপগ-১১/২০০১-১১১ সরকারী আদেশের নির্দেশনা অনুসরণ করতে হবে ;

৩. BCS (Police) Composition and Cadre Rules, 1980 এর সংশ্লিষ্ট তফসিলে নতুন ক্যাডার পদগুলো অন্তর্ভুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে ;

৪. বিবেচ্য ৬৮৯টি পদ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ১১/১/২০১৫ তারিখ নীতিগতভাবে অনুমোদিত ৫০,০০০টি পদের মধ্যে সমন্বয় করতে হবে ;

৫. এ বিষয়ে বিধিগত সকল আনুষ্ঠানিকতা পালন করতে হবে ;

৬. বাবুর্চী ও পরিচ্ছন্নতাকর্মী পদগুলো আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োগ করতে হবে ;

৭. অর্থ বিভাগের ৭/৭/২০১৪ তারিখের ০৭.১৫৫.০১৯.৪৪.০৩.০৩১.২০১১-২৬১ নম্বর স্মারকের শর্তাদি প্রতিপালন করতে হবে;

৮. টিওএন্ডই বহির্ভূত বিদ্যমান যানবাহন সর্বাগ্রে টিওএন্ডইভুক্ত করতে হবে এবং নবসৃষ্ট পদে জনবল নিয়োগের পূর্বে নতুনভাবে টিওএন্ডইভুক্ত যানবাহন ক্রয় করা যাবে না ;

৯. বাংলাদেশ পুলিশের মোট পদের সংখ্যা (কনস্টবল থেকে আইজিপি পর্যন্ত সিভিল পদসহ) ১,৭৭,৩17 জন এবং আলোচ্য ৬৮৯টি পদ সৃজন করা হলে মোট সংখ্যা হবে ১,৭৮,০০৬ জন।

(গ) এতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৭/০৩/২০১৬ তারিখের ০৫.০০.০০০০.১৬১.১৫.০৬৮.১৫-৮০, অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগের ০৯/০৮/২০১৬ তারিখের ০৭.১৫৫.০১৫.৪৪.০৩.০১১.২০১২-৪৯১ এবং অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগের ১৪/০৮/২০১৬ তারিখের ০৭.০০.০০০০.১৬১.৪৪.০০৭.১২-১৮৩ নং পত্রে সম্মতি এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

আপনার বিশ্বস্ত,

(মোঃ আবদুল ওয়াহাব ভূঞা)
উপসচিব
ফোন ঃ ৯৫৭৪৫১৯

নং-৪৪.০০.০০০০.০৯৬.০৫.০২০.১৫-

তারিখ ঃ ২৪ আশ্বিন ১৪২৩ বঙ্গাব্দ / ০৯ অক্টোবর ২০১৬ খ্রিস্টাব্দ

অবগতি ও উল্লিখিত সরকারী আদেশ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়-কে পৃষ্ঠাংকন সহ জ্ঞাত করার জন্য অর্থ বিভাগের উপ-সচিব, ব্যঃ নিঃ-৫ অধিশাখা এর নিকট প্রেরণ করা হলো।

(মোঃ আবদুল ওয়াহাব ভূঞা)
উপসচিব

E:\Police-3\p-3\Other\50,000 GO.doc



নং-০৭.১৫৫.০১৫.৪৪.০৩.০১১.২০১২- তাং-

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, এজিবি কমপ্লেক্স, সেগুনবাগিচা, ঢাকা।

উপ-সচিব (ব্যঃ নিঃ-৫ অধিশাখা)
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

নং-৪৪.০০.০০০০.০৯৬.০৫.০২০.১৫- ৫৬০ (৩)

তারিখ ঃ ২৪ আশ্বিন ১৪২৩ বঙ্গাব্দ / ০৯ অক্টোবর ২০১৬ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. মহাপুলিশ পরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ৬, ফিনিক্স রোড, ফুলিবাড়িয়া, ঢাকা।
০৩. সহকারী প্রোগ্রামার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের জন্য)

(মোঃ আবদুল ওয়াহাব ভূঞা)
উপসচিব